

রঙ্গব্যঙ্গ রসিকেষু - শব্দে কার্টুন

শ্যামের বাঁশি বাজিছে ঠিক সাতটায়
 ঠিক তখন ঠকাস করে একটি প্রবল গাঁটায়
 ব্রহ্মতালুর চতুর্দিকে ময়লা ফেলার গাড়ি
 তীর শিসে ঘুরঘুরায়ে ছুটবে বাড়ি বাড়ি
 'বাবা' বলে ঢেঁচিয়ে উঠবে আমার পুত্রবধু
 ঘুমের কানে মুখ ঝাপটে ঢালবে গরম মধু
 তড়াক লাফে বিছনা থেকে নামতে নামতে দৌড়ে
 গাড়ি তখন পৌঁছে গেছে ব্যায়লা থেকে গৌড়ে।
 বালতি হাতে পিছন পিছন আমিও নাছোড়বান্দা
 ছুটতে থাকি, --- আমার কেবল উগরে ফেলার ধান্দা,
 এই হিড়িকে টিটিক ছাড়াই ব্যায়লা থেকে গৌড়ে
 পৌঁছে গেলাম ময়লাগাড়ির পিছন পিছন দৌড়ে।

২

পাড়ার গুণ্ডা কাশী
 রিগিং করে বনল যখন 'নির্বাচিত' খাসি--
 গাঁদাফুলের মালা গলায় মুখটা হাসি রাসি
 তুড়ুক লাফে মঞ্চ উঠে হলেন 'মাননীয়'
 চামচেরা সব তালিয়া মেরে
 বল্লে জিও জিও
 ইচ্ছেমতন 'ঠান্ডা পানি'
 ঢকঢকিয়ে গিলো
 কিন্তু গু শেষ 'তুকুটার'
 একটু পেসাদ দিও।

পবিত্র অধিকারী

